

৪৩
কালিকা

শিক্ষা অধিদফতরে দুর্নীতি অভিযোগ করায় দুই শিক্ষক নেতাকে প্রাণনাশের হুমকি

স্টাফ রিপোর্টার। শিক্ষা অধিদফতরের দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে অভিযোগ করার অভিযুক্তরা দুই শিক্ষক নেতাকে এবিপিও বকসহ প্রাণনাশের হুমকি দিয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ব্যাপারে উক্ত দুই শিক্ষক নেতা খানায় জিডি করেছেন। জানা গেছে, বাংলাদেশ শিক্ষক সমিতির (বাশার-নজরুল) সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদার ও মহাসচিব মোঃ নজরুল ইসলাম রনি গত ২২ ফেব্রুয়ারি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টসহ শিক্ষা কেব্রে অনিয়ম ও দুর্নীতির সুষ্ঠু তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে দুর্নীতি দমন কমিশনে পিবিভ পত্র দেন। এতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক, উপপরিচালক, কয়েক কর্মচারী নেতাসহ আরও অনেকে ঘুষ ও দুর্নীতির সঙ্গে সম্পৃক্ত রয়েছে বলে উল্লেখ করা হয়।

অভিযোগপত্রে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর শিক্ষকদের আর্থিক ও মানসিকভাবে কতিপয় করে আসছে বহুদিন ধরে। শিক্ষা অধিদফতরের ঘুষ গ্রহণ 'ওপেন সিক্রেট' ব্যাপার। দুর্নীতি দমন কমিশনের সচিব বরাবরে দেয়া এই আবেদনপত্রে এমপিওভুক্তিসহ নান্য কাজে শিক্ষা অধিদফতরের ঘুষ দেয়ার কথা উল্লেখ করা হয়েছে। বিভিন্ন সময়ে কতিপয় কর্মকর্তা ও কর্মচারী বিভিন্ন প্রজ্ঞাপনের অঙ্কুহাতে এবং দ্রুত কাজ করার জন্য বা কিনা কারণেই ঘুষ গ্রহণ করেছেন। এখানে ঘুষবোর কর্মকর্তা ও কর্মচারীর নেটওয়ার্ক এত মজবুত যে শিক্ষক সমাজ অসহায় এদের কাছে। এদের নেটওয়ার্ক শিক্ষা মন্ত্রণালয় পর্যন্ত বিস্তৃত। পড়ে 'দুর্নীতির আবছা' বলে পরিচিত শিক্ষা ভবনকে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দুর্নীতিমুক্ত করে শিক্ষক সমাজ তথা শিক্ষাকে রক্ষা করার জন্য আবেদন জানানো হয়।

মোঃ আবুল বাশার হাওলাদার ও মোঃ নজরুল ইসলাম রনি জানান, এই অভিযোগ দেয়ার পর থেকেই তাদের বিভিন্নভাবে হুমকি দেয়া হচ্ছে।